



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

১৪ তম আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার সমাপনী এবং নবীনবরণ অনুষ্ঠিত



১৪ জুলাই, ২০১৯-রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি কর্তৃক আয়োজিত ১৪ তম আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার সমাপনী এবং নবীনবরণ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সভাপতি সবুজ রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন মডারেটর সুমন কুমার মজুমদার।

উল্লেখ্য বিতর্ক প্রতিযোগিতার ফাইনালে দর্শন বিভাগ চ্যাম্পিয়ন এবং ফিন্যান্স বিভাগ রানার্স আপ হয়। ডিবেট অব দ্যা ফাইনাল হয় চ্যাম্পিয়ন দলের দলনেতা দ্বীন ইসলাম এবং ডিবেটের অব দ্যা টুর্নামেন্ট হয় ইংরেজি বিভাগের নাহিদ হাসান।